রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ২৭ নং

বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৮, ২০২১

সূচিপত্র

	পৃষ্ঠা নং
১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।	৩৪১—৩৫২
২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।	৫৯১—৭১৭
৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	নাই
৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।	নাই
৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি।	নাই
৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	৯৪৯—৯৭৪
৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।	নাই
৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	৫
ক্রোড়পত্র—সংখ্যা	
(১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী।	নাই
(২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই
(৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।	নাই
(৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব।	নাই
(৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান।	নাই
(৬) ....ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা।	নাই

১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিবহন শাখা

পরিপত্র

তারিখ : ০৯ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ/২২ এপ্রিল, ২০২১ খ্রিষ্টাব্দ।

নং ০৫.০০.০০০০.১২১.১৮.০২১.০৮-১২৭—সরকারি গাড়িচালক এবং কারিগরি কর্মচারীদের দাপ্তরিক সাজ-পোশাকের প্রাপ্যতা যুগোপযোগীকরণের লক্ষ্যে এ বিষয়ে ইতঃপূর্বে জারীকৃত সকল পরিপত্র/অফিস স্মারকসমূহ বাতিলপূর্বক সাজ-পোশাকের প্রাপ্যতা, রং ও মূল্য সরকার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করেছে :

গাড়িচালক (পুরুষ) :

(ক) **গ্রীষ্মকালীন :**

নং	দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা	মেয়াদ	রং ও মূল্য
১.	হাফ সাফারি ০৩ সেট	প্রতি ০২ বছরের জন্য	চকলেট, ২৫০০/- টাকা (প্রতি সেট)
২.	ক্যাপ ০২ টি	প্রতি ০২ বছরের জন্য	১৫০/- টাকা (প্রতিটি)
৩.	জুতা ০২ জোড়া	প্রতি ০২ বছরের জন্য	কালো, ২০০০/- টাকা (প্রতি জোড়া)

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

মামলায় গঠিত তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে।

এমতাবস্থায়, অভিযোগ বিবরণী, অভিযোগনামা, সংযুক্ত কাগজপত্র ও তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন বিবেচনায় এবং তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ এর উপ-বিধি (২)(ক) বিধি অনুযায়ী মোঃ শহিদুল ইসলাম, উপজেলা সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর দপ্তর, উপজেলা-লংগদু, জেলা-রাঙ্গামাটি সাবেক কর্মস্থল: উপজেলা-নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা-কে "তিরস্কার দণ্ড" এবং ৪ এর উপ-বিধি (২)(খ) বিধি অনুযায়ী "০৫ (পাঁচ) বৎসরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" দণ্ড আরোপ করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। একইসাথে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তিনি বিধি মোতাবেক সকল ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব।

পৌর-১ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৯ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ/০২ মে, ২০২১ খ্রিস্টাব্দ

নং **৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৭.২০.৩৮৯**—রাজশাহী জেলার গোদাগাড়ী পৌরসভার মেয়র জনাব মো: মনিরুল ইসলাম (বাবু) এর মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক গেজেট প্রজ্ঞাপন জারির তারিখ হতে সরকার উক্ত পৌরসভার মেয়র এর পদ শূন্য ঘোষণা করিল।

তারিখ : ০৫ মে ২০২১

নং **৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০১.১৭-৪০০**—ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ পৌরসভার ০৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ শহীদুল ইসলাম (শহীদ) এর মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক গেজেট প্রজ্ঞাপন জারির তারিখ হতে সরকার উক্ত ওয়ার্ড কাউন্সিলর এর পদ শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ ফারুক হোসেন
উপসচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ঔষধ প্রশাসন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২১ আষাঢ় ১৪২৮/০৫ জুলাই ২০২১

নং ৪৫.০০.০০০০.১৮২.৯৯.১০৪.১০-১৫৬—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১২-০৬-২০১৮ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১৮২.৯৯.১০৬.০৬.১২০ সংখ্যক প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ০৬ নং আইন) এর তফসিলের ১২ তে উল্লিখিত ফার্মেসী অধ্যাদেশ, ১৯৭৬ এর ৩ ও ৬ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত অধ্যাদেশের ধারা ৪(১) এবং ৭(১) মোতাবেক বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

০১.	সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	পদাধিকারবলে	সভাপতি
০২.	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা	পদাধিকারবলে	সদস্য
০৩.	মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা	পদাধিকারবলে	সদস্য
০৪.	চেয়ারম্যান, ফার্মেসি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা	পদাধিকারবলে	সদস্য
০৫.	জনাব মোঃ রাব্বুর রেজা সিওও, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিঃ	সরকার কর্তৃক মনোনীত (রেজিস্টার্ড ফার্মাসিস্ট)	সদস্য
০৬.	জনাব জিল্লুর রহমান জিএম (প্রডাকশন), ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস লিঃ	সরকার কর্তৃক মনোনীত (রেজিস্টার্ড ফার্মাসিস্ট)	সদস্য
০৭.	অধ্যাপক ইসমাইল খান ভাইস চ্যান্সেলর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম	সরকার কর্তৃক মনোনীত (অধ্যাপক, ফার্মাকোলজি)	সদস্য
০৮.	অধ্যাপক ডাঃ মোঃ টিটো মিঞা অধ্যাপক, মেডিসিন বিভাগ ও অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা	সরকার কর্তৃক মনোনীত (অধ্যাপক, মেডিসিন)	সদস্য
০৯.	জনাব এম মোসাদ্দেক হোসেন সদস্য, কার্যনির্বাহী পরিষদ, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি	বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি কর্তৃক মনোনীত	সদস্য

১০.	জনাব ডাঃ মোঃ তারিক মেহেদী পারভেজ সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় কার্যকরী পরিষদ বিএমএ, ১৫/২, তোপখানা রোড, ঢাকা	বিএমএ কর্তৃক মনোনীত	সদস্য
১১.	জনাব মোঃ আব্দুল হাই পরিচালক, কেন্দ্রীয় পরিচালনা পরিষদ বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি, ঢাকা	বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি কর্তৃক মনোনীত	সদস্য
১২.	জনাব মোঃ নাসের শাহরিয়ার জাহেদী চেয়ারম্যান, রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালস লিঃ ২২/১, ধানমন্ডি, রোড-২, ঢাকা-১২০৫	বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি কর্তৃক মনোনীত	সদস্য
১৩.	অধ্যাপক ড. মোঃ হাসান কাউসার অধ্যাপক, স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ ৭৭, সাত মসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫	বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি কর্তৃক মনোনীত	সদস্য
১৪.	জনাব খোকন কুমার সাহা এমিক্যাশ রওশন ক্যাসেল, বিল্ডিং-বি, ফ্লাট-১এ ১নং কাঁঠালবাগান, গ্রীনরোড, ঢাকা-১২০৫	বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি কর্তৃক মনোনীত	সদস্য

০২। পদাধিকারবলে নিযুক্ত সদস্যগণ ব্যতীত কাউন্সিলের অন্যান্য সদস্যগণ প্রথম অধিবেশনের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য কাউন্সিলের সদস্য পদে বহাল থাকবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোস্তাফিজুর রহমান
সহকারী সচিব।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭

আদেশ

তারিখ: ২৫ মার্চ ২০২১ খ্রি:

নং বিচার-৭/২এন-৪০/২০১২-১০৫—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ মুহিব্বুল্লাহ, পিতা-মোঃ ছফিউল্লাহ, মাতা-শিউলী আক্তার, সাং-উত্তর মানিকদিয়া, ডাকঘর-উত্তর মানিকদিয়া-১২১৪, সবুজবাগ, ঢাকা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৭৩নং ওয়ার্ডের (নবগঠিত) জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।